ফরিদপুরে যাত্রীবাহী বাস নিয়ন্ত্রণ হারিয়ে খাদে, নিহত ৮

ফরিদপুরে সেতুর রেলিং ভেঙে বাস খাদে পড়ে ঘটনাস্থলে ছয় জন এবং হাসপাতালে নেওয়ার পর আরো দুই বাসযাত্রী নিহত হয়েছেন। এতে কমপক্ষে ১০ জন আহত হয়েছে। আজ শনিবার দুপুর সোয়া ২টার দিকে ঢাকা- ফরিদপুর মহাসড়কের ফরিদপুর সদরের ধুলদী রেলগেট এলাকায় এ ঘটনা ঘটে।

ফরিদপুর ফায়ার সার্ভিস স্টেশন অফিসার নূর আলম দুলাল জানান, ঢাকা থেকে বরিশালগামী কমফোর্ট লাইন পরিবহনের একটি বাস ওই স্থানে সেতুর রেলিং ভেঙে সড়কের পাশের খাদে পড়ে যায়। এতে ছয় বাসযাত্রী ঘটনাস্থলেই নিহত এবং হাসপাতালে নেওয়ার পর আরো দুজনের মৃত্যু হয়। এতে ১০ জন আহত হয়।

তিনি বলেন, খবর পেয়ে ফায়ার সার্ভিসের কর্মীরা স্থানীয়দেও সহায়তায় উদ্ধার কাজ পরিচালনা করছে।